



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৭.০৭.২০২৩

## প্রেস রিলিজ

### পাবিথবি'র ফার্মেসি বিভাগে 'ইন্ডাস্ট্রিয়াল ফার্মাসিস্ট ক্যারিয়ার' বিষয়ে সেমিনার অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের আয়োজনে আজ সোমবার ১৭ জুলাই 'হাউট টু জয়েন' এজ অন 'ইন্ডাস্ট্রিয়াল ফার্মাসিস্ট' শিরোনামে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ ড. কে এম সালাহু উদ্দীন।

সেমিনারে কীনোট স্পীকার ছিলেন ক্ষয়ার ফার্মাসিউটিক্যালসের (পাবনা প্লান্ট)-এর এজিএম মো. খায়রুল আলম। সেমিনারে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ড. মো. শরিফুল হক।



উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, সুযোগকে সর্বোচ্চ ব্যবহার করে সামনে এগিয়ে যাওয়া এবং ভবিষ্যতের জন্য নিজেকে তৈরি করতে হবে। ব্যক্তি, পরিবার, সমাজ এবং দেশকে নিয়ে ভাবতে হবে। শুধুমাত্র চাকরি নয়, নিজেকে উদ্যোগে হিসেবে গড়ে তোলার জন্যও চেষ্টা থাকতে হবে। সময়কে কাজে লাগানোর মাধ্যমে প্রতিনিয়ত জ্ঞান আহরণ করতে হবে। ক্যারিয়ার গঠনের জন্য পরিকল্পনা করে সামনে আগাতে হবে। ভালোকিছু করার ক্ষেত্রে মিশন-ভিশন ঠিক করতে হবে।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দীন বলেন, আমাদের জানার আগ্রহ বাড়াতে হবে। সত্যিকার আগ্রহ থেকেই ভালোকিছু পাওয়া যায়। কোনকিছু পেতে হতে হলে, মনস্থির করহে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। প্রথমে আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য ঠিক করে, সে অনুযায়ী এগিয়ে যেতে হবে। চাকরির পাশাপাশি নিজেকে উদ্যোগ হিসেবেও প্রতিষ্ঠিত করার চেষ্টা করতে হবে।

সেমিনারে বিভাগের শিক্ষক এবং বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের গ্যালারী ১ এ অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫